

ই-পেপার বৃহস্পতিবার • ২৫ জুন ২০২০

The Daily Shomoyer Alo

# সময়ের আলো

সত্য প্রকাশে আপসহীন

সকল পাতা

Facebook

Twitter

More

## করোনা সঙ্কটে লক্ষাধিক মানুষের পাশে 'বাসমাহ'

সময়ের আলো অনলাইন

প্রকাশ: বৃহস্পতিবার, ২৫ জুন, ২০২০, ৫:২১ পিএম | অনলাইন সংস্করণ Count : 22

অ+অ-অ

শতাব্দীর সবচেয়ে কঠিন ও বড় আঘাত করোনা দুর্যোগে বাসমাহ ইউএসএয়ের (Bangladeshi American society of Muslim aid for humanity) অর্থায়নে বাসমাহ ফাউন্ডেশন বাংলাদেশের তত্ত্বাবধানে দেশ-বিদেশের শতাধিক স্থানের লক্ষাধিক মানুষকে বিনামূল্যে নিত্যপ্রয়োজনীয় খাদ্য সামগ্রী ও হেলথ ইকুইপমেন্ট প্রদান করা হয়েছে।

রাজধানী ঢাকার বেশ কিছু গুরুত্বপূর্ণ স্থান এবং সিরাজগঞ্জ, লালমনিরহাট, ময়মনসিংহ, নওগাঁ, যশোর, চাঁদপুর, শরীয়তপুর, সিলেট, রংপুর, নারায়ণগঞ্জ, চুয়াডাঙ্গা, বি-বাড়িয়া, কক্সবাজার, কুষ্টিয়া, টেকনাফ, গোলাপগঞ্জ, পিরোজপুর ও সোনারগাঁও থানার ১১টি ইউনিয়নসহ সারা বাংলাদেশের মোট ৫৩টি স্থানে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়।

ফুড প্যাকেজে চাল, ডাল, সয়াবিন তেল, আলু, পেঁয়াজ, চিনি, আটা, লবন, সাবানসহ নিত্য প্রয়োজনীয় খাবার দেওয়া হয়।

এছাড়া গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী জনাব আসাদুজ্জামান খান কামালের মাধ্যমে



স্বরাষ্ট্রমন্ত্রণালয়েসহ ঢাকা এবং সারা দেশের বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে করোনাভাইরাস থেকে স্বাস্থ্যসুরক্ষার উপকরণ হিসেবে হাজার হাজার পিপিই, মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, গ্লাভস, সাবান, হেড-কভার, গাউন এবং গগলস বিতরণ করা হয়েছে।

হাসপাতাল ও নিরাপত্তাকর্মীদেরসহ বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে এ ধরনের আরো হেলথ ইকুইপমেন্ট বিনামূল্যে বিতরণের প্রকল্প প্রক্রিয়াধীন রয়েছে।

শুধু বাংলাদেশে নয়; আমেরিকার বিভিন্ন স্থানেও করোনাভাইরাসের আঘাতে বিপন্ন বহু মানুষের মাঝে বিনামূল্যে খাদ্য সামগ্রী ও হেলথ ইকুইপমেন্ট বিতরণ করেছে বাসমাহ। আমেরিকায় মিশিগান স্টেটে Michigan Muslim Community Council এর ব্যবস্থাপনায় এক হাজার রামাদান ফুড প্যাকসহ নিউ ইয়র্কের সমস্যাগ্রস্তদের মাঝে খাদ্যসামগ্রীও বিতরণ করা হয়েছে। এছাড়া ফ্লোরিডা বিভিন্ন মসজিদে বিতরণ করা হয়েছে প্রয়োজনীয় হেলথ ইকুইপমেন্ট।

করোনা দুর্যোগে আক্রান্ত দরিদ্র, অসহায় ও গরিব মানুষদের খাদ্য সহযোগিতা প্রদান প্রসঙ্গে বাসমাহ ইউএসএয়ের প্রতিষ্ঠাতা ও সিইও এবং বাসমাহ ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা মীর সাখাওয়াত হোসাইন বলেন, 'মানুষ মানুষের জন্য— চিরসত্য এ চেতনা ও আদর্শকে ধারণ করে প্রতিষ্ঠার শুরু লগ্ন থেকে বাসমাহ ফাউন্ডেশন শক্তি সামর্থ্যের সবটুকু বিলিয়ে ছোট-বড় সব ধরনের দুর্যোগ-দুর্ভিক্ষে অসহায় মানুষের পাশে দাঁড়িয়েছে। করোনা সঙ্কট স্মরণকালের কঠিনতম মহামারি — এবারও সংস্থাটি তার দায়িত্ববোধ ও ঐতিহ্যগত ধারাবাহিকতা বজায় রেখে এখন পর্যন্ত লক্ষাধিক মানুষের হাতে খাবার ও হেলথ ইকুইপমেন্ট পৌছে দিয়েছে।

আমাদের কার্যক্রমের একটি বৈশিষ্ট্য হলো— প্রত্যন্ত অঞ্চলের যেসব মানুষের কাছে সাধারণত সাহায্য-সহযোগিতা পৌছে না; বাসমাহ টিম এমন সব অঞ্চলের মানুষকে খুঁজে তাদের কাছে সহযোগিতা পৌছানোর চেষ্টা করে। আল্লাহ তাওফিক দিলে ভবিষ্যতেও এই ধারাবাহিকতা বজায় থাকবে, ইনশা আল্লাহ।'

প্রতিষ্ঠার পর থেকে আমেরিকা ও বাংলাদেশের বিভিন্ন দুর্যোগপূর্ণ পরিস্থিতিতে অসহায় মানুষের পাশে থেকে মানবতার সেবায় অগ্রণী ভূমিকা পালন করেছে বাসমাহ ইউএসএ ও বাসমাহ ফাউন্ডেশন বাংলাদেশ। রোহিঙ্গা ক্যাম্পে শুরু থেকে